চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা, চট্টগ্রাম
মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

**তারিখ:২১.০২.২০২৬**

প্রেস বিজ্ঞপ্তি

## সর্বস্তরে বাংলা ভাষা চালু করতে হবে : মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম, ২১ ফেব্রুয়ারি ২০২৬: দেশ স্বাধীন হওয়ার এত বছর পরও সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন নিশ্চিত না হওয়াকে দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেছেন ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, ভাষা আন্দোলনের চেতনা কেবল আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ রাখলে চলবে না; প্রশাসন, শিক্ষা, বাণিজ্য ও জনজীবনের প্রতিটি স্তরে বাংলা ভাষার কার্যকর ব্যবহার নিশ্চিত করতে হবে। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উপলক্ষে শুক্রবার রাত ১২টা ১ মিনিটে নগরীর কেন্দ্রীয় শহীদ মিনার, পাবলিক লাইব্রেরি সম্মুখে, পুষ্পস্তবক অর্পণকালে তিনি এসব কথা বলেন। এসময় চট্টগ্রাম-৯ আসনের সংসদ সদস্য আবু সুফিয়ান, চট্টগ্রাম-৮ আসনের সংসদ সদস্য এরশাদ উল্লাহ, বিভাগীয় কমিশনার ড. জিয়াউদ্দিন, জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা, বিভিন্ন সংস্থার উর্ধ্বতন



কর্মকর্তাবৃন্দ, চট্টগ্রাম মহানগর বিএনপির নেতৃবৃন্দ, যুবদল, ছাত্রদলের নেতাকর্মীরা শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব মো. আশরাফুল আমিনসহ কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মেয়র বলেন, ভাষা আন্দোলন ছিল বাঙালির আত্মপরিচয় ও অধিকার প্রতিষ্ঠার সূচনা। সালাম, বরকত, রফিক, জব্বারসহ ভাষা শহীদদের আত্মত্যাগ পরবর্তীতে স্বাধীনতা সংগ্রামের ভিত্তি রচনা করে। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সেই চেতনা পূর্ণতা পায়। মানুষের মৌলিক অধিকার, সাম্য, সামাজিক ন্যায়বিচার ও মানবিক মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে জাতি বারবার সংগ্রাম করেছে। “স্বাধীনতার পরও বিভিন্ন সময়ে গণতন্ত্র ও মানুষের অধিকার রক্ষায় আন্দোলন-সংগ্রাম অব্যাহত ছিল। স্বৈরাচারবিরোধী আন্দোলন থেকে শুরু করে গত ১৬ বছরে মৌলিক ও গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে বহু মানুষ আত্মত্যাগ করেছেন। সর্বশেষ জুলাই-আগস্টের আন্দোলনেও ছাত্র, শ্রমিক, জনতা, রাজনীতিবিদ এমনকি শিশুরাও প্রাণ দিয়েছেন।এসব আত্মত্যাগের প্রেক্ষাপটে গত ১২ ফেব্রুয়ারি একটি গ্রহণযোগ্য, স্বচ্ছ ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, যা দেশের রাজনৈতিক ইতিহাসে অন্যতম গ্রহণযোগ্য নির্বাচন হিসেবে বিবেচিত হচ্ছে। বর্তমান প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান দেশের জনগণের আস্থার প্রতীক হিসেবে দায়িত্ব গ্রহণ করে নতুন বাংলাদেশ বিনির্মাণে যে কার্যক্রম শুরু করেছেন তা আশাব্যঞ্জক। প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের নেতৃত্ব জাতি ঐক্যবদ্ধভাবে কাজ করলে একটি দুর্নীতিমুক্ত, সমৃদ্ধ ও মানবিক বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে।

তিনি বলেন, আজও আমরা লক্ষ্য করি নগরীর বিভিন্ন দোকান, শপিং সেন্টার ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে ইংরেজি নামফলকের আধিক্য রয়েছে। যেহেতু সিটি কর্পোরেশন ট্রেড লাইসেন্স প্রদান করে, সেহেতু চট্টগ্রামের সব বাণিজ্যিক প্রতিষ্ঠানের সাইনবোর্ডে বাংলা ভাষা ব্যবহার নিশ্চিত করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন উদ্যোগ নিয়েছে। প্রয়োজনে নির্দেশনা ও তদারকির মাধ্যমে বিষয়টি বাস্তবায়ন করা হবে।

মেয়র আরও বলেন, ভাষা আন্দোলন থেকে মহান মুক্তিযুদ্ধ, স্বৈরাচারবিরোধী আন্দোলন এবং সাম্প্রতিক গণতান্ত্রিক আন্দোলন—প্রতিটি অধ্যায়ে শহীদদের আত্মত্যাগ জাতিকে নতুন পথ দেখিয়েছে। তিনি আশা প্রকাশ করেন, নতুন রাজনৈতিক প্রেক্ষাপটে দেশের নেতৃত্ব একটি দুর্নীতিমুক্ত, ন্যায়ভিত্তিক ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখবে। তিনি বলেন, শহীদদের রক্তের ঋণ শোধ করার একমাত্র উপায় হলো ন্যায়, স্বচ্ছতা ও মানবিক মূল্যবোধভিত্তিক রাষ্ট্র গঠন। ভাষা শহীদদের আত্মত্যাগের চেতনায় উদ্বুদ্ধ হয়ে আমাদের প্রশাসনিক কার্যক্রম, শিক্ষা ব্যবস্থা ও জনসেবায় বাংলা ভাষার পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। তিনি সকলকে ঐক্যবদ্ধভাবে ভাষা আন্দোলনের আদর্শ ধারণ করে একটি উন্নত, গণতান্ত্রিক ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ গঠনের শপথ নেওয়ার আহ্বান জানান।

## দুঃস্থ অসহায়দের মাঝে ইফতার সামগ্রী বিতরণকালে ডা. শাহাদাত হোসেন
## একজনের সহযোগিতা আরেকজনের ইফতারের আনন্দ হয়ে উঠতে পারে

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, পবিত্র মাহে রমজান আমাদের আত্মশুদ্ধি এবং ভ্রাতৃত্ববোধের শিক্ষা দেয়। এই মাস কেবল নিজের জন্য নয়, বরং পাশের অভাবী মানুষটির কথা ভাবার মাস। আজ মরহুম আবু বক্কর ফাউন্ডেশন যে মহতী উদ্যোগ নিয়েছে, তা মানবিকতার এক অনন্য দৃষ্টান্ত। কিছু মুনাফালোভী ব্যবসায়ীর কারণে দ্রব্যমূল্যের এই উর্ধ্বগতির সময়ে অসহায় ও নিম্নবিত্ত মানুষ যখন হিমশিম খাচ্ছে, তখন তাদের হাতে ইফতার সামগ্রী তুলে দেওয়া অত্যন্ত সময়োপযোগী কাজ। কারণ, একজনের

সহযোগিতা আরেকজনের ইফতারের আনন্দ হয়ে উঠতে পারে। শনিবার (২১ ফেব্রুয়ারী) বিকেলে নগরীর কাজীর দেউরী কাচা বাজার সংলগ্ন সড়কে পবিত্র মাহে রমজান উপলক্ষে মরহুম আবু বক্কর ফাউন্ডেশনের উদ্যোগে দুঃস্থ অসহায়দের মাঝে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে কয়েকশ অসহায় ও নিম্নবিত্ত পরিবারের মাঝে চাল, ডাল, তেল, ছোলাসহ প্রয়োজনীয় ইফতার ও খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। ফাউন্ডেশনের পক্ষ থেকে জানানো হয়, রমজান মাসজুড়ে তাদের এই সেবামূলক কার্যক্রম অব্যাহত থাকবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম ৯ আসনের জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব মোহাম্মদ আবু সুফিয়ান এবং চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর। ডা. শাহাদাত আরও যুক্ত করেন, আমি চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র হিসেবে পরিষ্কার বলতে চাই, নগরীর উন্নয়ন কেবল রাস্তাঘাট বা অবকাঠামো নির্মাণেই সীমাবদ্ধ নয়। মানুষের মুখে হাসি ফোটানো এবং তাদের মৌলিক চাহিদা পূরণে পাশে থাকাও আমাদের দায়িত্ব। আমরা চেষ্টা করছি একটি মানবিক চট্টগ্রাম গড়তে। আমি নগরীর প্রতিটি সচ্ছল ব্যক্তির প্রতি আহ্বান জানাব, আপনারা আপনাদের সামর্থ্য অনুযায়ী অসহায় প্রতিবেশীর পাশে দাঁড়ান। আমরা সকলে মিলে ঐক্যবদ্ধভাবে কাজ করলে চট্টগ্রামের কোনো মানুষ রমজানে অনাহারে থাকবে না। বিশেষ অতিথির বক্তব্যে আবু সুফিয়ান বলেন, মানুষের সেবা করাই রাজনীতির মূল লক্ষ্য। কিছু অসাধু ব্যবসায়ীর যোগসাজশে রমজানে দ্রব্যমূল্যের উর্ধ্বগতির এই সময়ে সাধারণ মানুষের হাতে ইফতার সামগ্রী তুলে দেওয়া একটি বড় ইবাদত। আমরা চাই প্রতিটি পাড়া মহল্লায় এমন মানবিক কার্যক্রম ছড়িয়ে পড়ুক। আবুল হাশেম বক্কর বলেন, রমজান আমাদের ধৈর্য এবং সহমর্মিতার শিক্ষা দেয়। সমাজের বিত্তবান ও সামর্থ্যবানদের উচিত এই পবিত্র মাসে সাধারণ ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো। মরহুম আবু বক্কর ফাউন্ডেশন যে উদ্যোগ নিয়েছে তা অত্যন্ত প্রশংসনীয়। বাগমনিরাম ওয়ার্ড বিএনপির সাবেক সাধারণ সম্পাদক হাজী আবু ফয়েজের সভাপতিত্বে ও মহানগর যুবদল নেতা মো. ইদ্রিছ সবুজের পরিচালনায় এতে বিশেষ অতিথি ছিলেন মহানগর বিএনপির যুগ্ম আহবায়ক ইয়াছিন চৌধুরী লিটন, মহানগর বিএনপির সদস্য আনোয়ার হোসেন লিপু, মহানগর মহিলাদলের সভাপতি সাবেক কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, মহানগর বিএনপি নেতা শহিদুল ইসলাম চৌধুরী, জিয়াউদ্দিন খালেদ চৌধুরী, মো. শাহ আলম, নকিব উদ্দিন ভূইয়া, চকবাজার থানা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক নুর হোসাইন। উপস্থিত ছিলেন ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি রাসেল পারভেজ সুজন, চট্টগ্রাম ওয়াসা শ্রমিক দলের সভাপতি মো. কামাল খান, সাধারন সম্পাদক মোহাম্মদ মিয়া, বিএনপি নেতা খোরশেদ আলম, রফিক মেম্বার, মো. ইসহাক, মো. জাফর, নাছির উদ্দীন, মো. ইলিয়াস, আবুল হোসেন প্রমুখ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮